**PROCTOR OFFICE**
UNIVERSITY OF CHITTAGONG
CHATTOGRAM-4331, BANGLADESH
Phone : PABX 02334460765-91
Extn-Off : 4369
Fax : 02334460778 :
E-mail : proctor@cu.ac.bd
Website : http://www.cu.ac.bd

**প্রক্টর কার্যালয়**
**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়**
চট্টগ্রাম-৪৩৩১, বাংলাদেশ
ফোন : পিএবিএক্স ০২৩৩৪৪৬০৭৬৫-৯১
এক্সটেন-অফিস : ৪৩৬৯
ফ্যাক্স : ০২৩৩৪৪৬০৭৭৮
ই-মেইল : proctor@cu.ac.bd
ওয়েবসাইট : http://www.cu.ac.bd

Ref. : ৬৪৯৮ (২)/৯৩-এ/২৫

তারিখ : ১১-১০-২০২৫ খ্রি.

# জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫ই অক্টোবর ২০২৫ ইং বুধবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে দীর্ঘ ৩৬ বছর পর কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ নির্বাচন-২০২৫ অনুষ্ঠিত হতে যাচ্ছে। চাকসু নির্বাচনকে ঘিরে জাতীয় ও আন্তর্জাতিক গণমাধ্যম থেকে শুরু করে পৃথিবীর বিভিন্ন প্রান্তে থাকা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট সকলের আগ্রহ রয়েছে। উক্ত নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য আপনার আন্তরিক সহযোগিতা দরকার। এমতাবস্থায় আসন্ন চাকসু নির্বাচন ২০২৫ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের অভ্যন্তরে বহিরাগতদের অবাধ প্রবেশ নিয়ন্ত্রণ করতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন কঠোর সিদ্ধান্ত নিয়েছে। বহিরাগতদের প্রবেশ নিয়ন্ত্রণ করতে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীকে নিজ নিজ পরিচয় পত্র (আইডি কার্ড/ব্যাংক রশিদ) সার্বক্ষণিক সাথে রাখার জন্য অনুরোধ করা যাচ্ছে।

[বি.দ্রঃ বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কাউকে সন্দেহজনক বলে মনে করলে তল্লাশি করতে পারে। এ ব্যাপারে সকলের সংযোগিতা কামনা করছি।]

(অধ্যাপক ড. হোসেন শহীদ সরওয়ার্দী)
প্রক্টর
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।